



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০৪৫.২০২০-৫৬

তারিখ: ০৯ চৈত্র, ১৪২৬ ব:
২৩ মার্চ, ২০২০ খ্রি:

বিষয়: ভোলা জেলার সদর উপজেলাধীন দক্ষিণ দিঘনদী মাছুমা খানম মহিলা আলিম মাদ্রাসা—এর DIA কর্তৃক গত ১৮/০২/২০১৬ খ্রি: তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (ভোলা জেলার সদর উপজেলাধীন দক্ষিণ দিঘনদী মাছুমা খানম মহিলা আলিম মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।

সূত্র: (১) DIA-এর স্মারক নং-ডিআইএ/ভোলা/১৫২৫-এম/খুলনা: ৭৮৮

তারিখ: ২১/০৯/২০১৬ খ্রি:

(২) DME-এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৫৪.১৬-৩৪০,

তারিখ: ২৬/০৯/২০১৭ খ্রি:।

BSR-এর ক্র: নং	ব্রডশীট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা					মন্তব্য
১(গ)	স্বীকৃতি হালনাগাদ করতে হবে।					
১(ঘ)	নিয়মিত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে মাদ্রাসা পরিচালনা করতে হবে।					
১(ঙ)	এমপিওভুক্ত সংক্রান্ত তথ্য: ০১/০১/১৯৯৪ তারিখে এমপিওভুক্ত হয়েছে।					
১(চ)	প্রতি বছর প্রতিষ্ঠানের স্বাবর/অস্বাবর সম্পত্তির স্টক টেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টক টেকিং প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটির অনুমোদনপূর্বক স্টক রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।					
১(ছ)	ফাইল রেজিস্ট্রার, চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্ট্রার, ডিমান্ড ও রিসিপ্ট রেজিস্ট্রার, সাবসিডিয়ারী রেজিস্ট্রারসহ ব্যবহৃত রেজিস্ট্রারসমূহ যথাযথভাবে ব্যবহার এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।					
১(ঝ)	মহিলাকোটা: ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০% মহিলা কোটা পূরণ করতে হবে।					
১(ট)	২৪/১০/১৯৯৫ ও ৪/২/২০১০ তারিখের নীতিমালা মোতাবেক দাখিল মাদ্রাসায় দাখিল স্তরে স্থায়ী পদ নেই। প্রতিষ্ঠানটিতে দাখিল স্তরে স্থায়ী জনাব রুহুল আমিন (ইনডেক্স-৩৬৩৯৫২) ২২/৫/১৯৯১ তারিখ হতে কর্মরত আছেন। ২৪/১০/১৯৯৫ তারিখের নীতিমালা মোতাবেক তিনি উদ্বৃত্ত হিসেবে সরকারি বেতন ভাতা পেতে থাকবেন। উদ্বৃত্ত স্থায়ী পদ শূণ্য হলে তদস্থলে কোন দাখিল স্থায়ী নিয়োগ দেয়া যাবে না।					
১(ঠ)	শিক্ষকতার অভিজ্ঞতা সংক্রান্ত তথ্য: পরিদর্শনকালে নিম্নোক্ত শিক্ষক পূর্ব অভিজ্ঞতা দাবী করেছেন।					
	ক্র. নং	শিক্ষকের নাম	পদবী	পূর্ব প্রতিষ্ঠানের নাম	অভিজ্ঞতাকাল	
					হতে	পর্যন্ত
	১	জনাব মো: কামাল উদ্দিন	সহ: শিক্ষক	জয়নাল আবেদীন আলিম মাদ্রাসা	০১/০১/০৫	৩০/১০/১১
	২	জনাব মো: রুমান হোসেন	সহ:মৌলভী	মধ্য জয়নগর আজিম বাড়ী হাওলা দাখিল মাদ্রাসা	০১/০৯/৯৬	০৩/৬/০৬
	৩	জনাব নাছির আহম্মেদ	সহ:শিক্ষক	জয়নাল আবেদীন আলিম মাদ্রাসা	১০/১২/০২	৩১/১০/১১
	৪	জনাব মো: মাহবুব আলম	সহ:শিক্ষক	উত্তর দিঘলদী রাড়ির হাট নেছারিয়া সি: মাদ্রাসা	২২/১১/৮৮	৩১/১১/৯৬
	বর্ণিত শিক্ষকগণ যদি পূর্বের প্রতিষ্ঠান ত্যাগ করার পর ৬ মাসের মধ্যে বর্তমান প্রতিষ্ঠানে যোগদান করে থাকেন তবে জনবল কাঠামোর ১৯৯৫-এর ১৪ অনুচ্ছেদ মোতাবেক তাঁর এ অভিজ্ঞতা গণনাযোগ্য হবে।					
	বেতন স্কেল সংক্রান্ত:					TMED-এর মন্তব্য
	পরিদর্শকের মতামত	প্রতিষ্ঠান প্রধানের মতামত		জেলা শিক্ষা অফিসারের মতামত	ডি.জি, ডিএমই'র মতামত	
	(১)সহকারী শিক্ষক জনাব নাছির আহমদ (ইনডেক্স-২০০৫৪৭৪) ৩১/১০/২০১১ তারিখে অত্র প্রতিষ্ঠানে যোগদান করেন এবং ১/৩/২০১২ তারিখে ৬৪০০/- টাকার স্কেলে এমপিওভুক্ত হয়। পরবর্তীতে তিনি বিএড প্রাথমিকের দাবীতে ১/৫/২০১৩ তারিখ হতে ৮০০০/- টাকার স্কেল গ্রহণ করেন। টাইম স্কেলের বিধি মোতাবেক তিনি ১/৫/২০১৩ তারিখ হতে ০৮ বছর পূর্তির পর ১/৩/২০২১ তারিখে ১১০০০/-টাকার স্কেল প্রাপ্য। কিন্তু তিনি ১/৩/২০১৫ তারিখ হতে ১১০০০/- স্কেল গ্রহণ করায় তৎকর্তৃক ১/৩/২০১৫ তারিখ হতে ৩১/১/২০১৬ তারিখ পর্যন্ত অতিরিক্ত পূহীত ৩৩,১১০/- টাকা সরকারি কোষাগারে ফেরৎযোগ্য। এ বিষয়ে পূহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/০৪/২০২০ খ্রি. তারিখের মধ্যে	মার্চ/১৫ থেকে জুন/১৫ পর্যন্ত ৪ মাসে (৭ম জাতীয় স্কেলে) অতিরিক্ত ১৩০৭২/- জুলাই/১৫ থেকে ডিসে:১৬ ১০২৫২০/- পর্যন্ত ১৮ মাসে (৮ম জাতীয় স্কেলে) জুলাই/১৫ সালে ঈদুল ফিতর বোনাস ১১০০০/- স্কেলে অতিরিক্ত ৭৫০/- আগস্ট/১৫ সালে ঈদুল আযহার বোনাস ১১০০০/- স্কেলে অতিরিক্ত ৭৫০/- জুলাই/১৬ সালে ঈদুল ফিতর বোনাস ২২,০০০/ স্কেলে অতিরিক্ত ১৫০০/- আগস্ট/১৬ সালে ঈদুল আযহার বোনাস ২২,০০০/ স্কেলে অতিরিক্ত ১৫০০/- মোট ভোগকৃত টাকার পরিমাণ ১,১৯,৭৪০/- গত ১৫/০২/১৭ইং চালান নং ৫৯ ট্রেজারীতে জমা দেওয়া হয়- ৩৩১১০/- বাকীর পরিমাণ ছিল ৮৬,৬৩০/- বর্তমান ২৬/০৪/২০১৭ ট্রেজারী চালান নং ১৫৪ জমার পরিমাণ ৮৬,৬৩০/-	অতিরিক্ত উত্তোলনকৃত অর্থ পশুদয় ট্রেজারী চালানে জমা করেছে (কপি সংযুক্ত) বিধায় আপত্তিটি নিষ্পত্তিযোগ্য। এমতাবস্থায় এমপিও শীট থেকে তার স্কেল ২২০০০/- থেকে কর্তন করে ১৬০০০/- করা একান্ত প্রয়োজন।	অতিরিক্ত পূহীত টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ব্যাংকে জমা দিয়েছে (কপি সংযুক্ত)। তবে এমপিও শীট থেকে তার স্কেল ২২,০০০/- টাকা থেকে কর্তন করে ১৬,০০০/- টাকা স্কেল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো। ট্রেজারী চালানের CTR কপি জমা দেয়ার শর্তে জবাব গ্রহণযোগ্য।	সহকারী শিক্ষক জনাব নাছির আহমদ কর্তৃক (৩৩,১১০/- +৮৬,৬৩০) টাকা সরকারি কোষাগারে জমাদান করার ট্রেজারী চালান এবং CTR কপিসহ আগামী ২০.০৪.২০২০ খ্রি. তারিখের মধ্যে BSR টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য ডি.জি, ডিএমই-কে অনুরোধ হলো।	

চলমান পাতা/০২

৪

১(ড)	পরিদর্শকের মতামত	প্রতিষ্ঠান প্রধানের মতামত	জেলা শিক্ষা অফিসারের মতামত	ডিজি, ডিএমই'র মতামত	
	টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া যেতে পারে।	জনাব নাছির আহাম্মদ ০১/০৩/১৫ হইতে ৩১/০১/১৬ পর্যন্ত অতিরিক্ত উত্তোলিত ৩৩১১০/ টাকা এবং ০১/০২/২০১৬ হইতে ৩১/০১/১৬ হইতে ৩১/১২/১৬ পর্যন্ত এবং উৎসব ভাতা বিলসহ অতিরিক্ত উত্তোলিত ৮৬৬৩০/- টাকা সর্বমোট ১,১৯,৭৪০/- টাকা হতে চালান নম্বর ৫৯, তারিখ ১৫/০২/১৭, জমার পরিমাণ ৩৩১১০/-। চালান নম্বর ১৫৪ তারিখ ২৬/০৪/১৭ তারিখ ৮৬৬৩০/- টাকা জমা হয়। তাহার কর্তৃক সরকার পাওনা নেই। তাহাকে ০১/০১/১৭ হইতে ১৬,০০০/- টাকা স্কেলে বেতন ও ভাতাদি প্রদান করা হয়। ২৯/০১/১৭ ইং কমিটি রেজুলেশন ও বিল বিবরণী এবং চালান কপি সংযুক্ত।	অতিরিক্ত উত্তোলনকৃত অর্থ সমুদয় ট্রেজারী চালানে জমা করেছে (কপি সংযুক্ত) বিধায় আপত্তি নিষ্পত্তিযোগ্য। এমতাবস্থায় এমপিও শীট থেকে তার স্কেল ২২০০০/- থেকে কর্তন করে ১৬০০০/- করা একান্ত প্রয়োজন।		
	(২) সহকারী শিক্ষক জনাব মো: মাহাবুবুর আলম (ইনডেক্স- ৩৫৬৯৮৮) ১/৫/১৯৯৬ তারিখে প্রথম এমপিওভুক্ত হয়। পরবর্তীতে তিনি ১/৭/২০০৪ তারিখ হতে টাইম স্কেল হিসেবে ৩৪০০/- টাকার স্কেল গ্রহণ করেন। তিনি বিএড প্রশিক্ষণ গ্রহণ করেন ২০০৮ সনে। বিধি অনুযায়ী বিএড স্কেল ৩৪০০/৫১০০/৮০০০/- টাকা তিনি টাইম স্কেল হিসেবে ১/৭/২০০৪ হতে গ্রহণ করায় বিএড প্রশিক্ষণের জন্য তিনি ১১০০০/- টাকার স্কেল প্রাপ্য নয়। কিন্তু তিনি ১/৭/২০১৫ তারিখ হতে ১১০০০/- টাকার স্কেল গ্রহণ করায় তৎকর্তৃক ১/৭/২০১৫ তারিখ হতে ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত অতিরিক্ত গৃহীত ২১,০৭০/- টাকা সরকারি কোষাগারে ফেরৎযোগ্য। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/০৪/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া যেতে পারে।	জুলাই/১৫ থেকে ডিসে:১৬ ১০১৫২০/- পর্যন্ত ১৮ মাসে (৮ম জাতীয় স্কেলে) জুলাই/১৫ সালে ঈদুল ফিতর বোনাস ১১০০০/- স্কেলে অতিরিক্ত ৭৫০/- আগস্ট/১৫ সালে ঈদুল আযহার বোনাস ১১০০০/- স্কেলে অতিরিক্ত ৭৫০/- জুলাই/১৬ সালে ঈদুল ফিতর বোনাস ২২,০০০/ স্কেলে অতিরিক্ত ১৫০০/- আগস্ট/১৬ সালে ঈদুল আযহার বোনাস ২২,০০০/ স্কেলে অতিরিক্ত ১৫০০/- মোট ভোগকৃত টাকার পরিমাণ ১০৬০২০/- গত ১৫/০২/১৭ইং চালান নং ৫৮ ট্রেজারীতে জমা দেওয়া হয়- ২২০৭০/- বাকীর পরিমাণ ছিল ৮৪,৯৫০/- বর্তমান ২৬/০৪/২০১৭ ট্রেজারী চালান নং ১৫৫ জমার পরিমাণ ৮৪,৯৫০/- তাহার কর্তৃক সরকারের পাওনা নাই। ০১/০১/২০১৭ হইতে ১৬০০০/- স্কেলে বেতন ও ভাতাদি প্রদান করা হয়। ২৯/০১/২০১৭ইং কমিটি রেজুলেশন ও বিল বিবরণী এবং চালান কপি সংযুক্ত।	অতিরিক্ত উত্তোলনকৃত অর্থ সমুদয় ট্রেজারী চালানে জমা করেছে (কপি সংযুক্ত) বিধায় আপত্তি নিষ্পত্তিযোগ্য। এমতাবস্থায় এমপিও শীট থেকে তার স্কেল ২২০০০/- থেকে কর্তন করে ১৬০০০/- করা একান্ত প্রয়োজন।	অতিরিক্ত গৃহীত টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ব্যাংকে জমা দিয়েছে (কপি সংযুক্ত)। তবে এমপিও শীট থেকে তার স্কেল ২২,০০০/- টাকা থেকে কর্তন করে ১৬,০০০/- টাকা স্কেল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।	TMED- এর মতামত সহকারী শিক্ষক জনাব নাছির আহমদ কর্তৃক (২১০৭০/- +৮৪,৯৫০) টাকা সরকারি কোষাগারে জমাদান করার ট্রেজারী চালান এবং CTR কপি সহ আগামী ২০.০৪.২০২০ খ্রি. তারিখের মধ্যে BSR টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই-কে অনুরোধ হলো।
২(ক)	প্রতিষ্ঠানটির জমির ভূমি উন্নয়ন কর হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করতে হবে।				
২(খ)	শ্রেণিকক্ষগুলো সংস্কার ও পরিষ্কার পরিচ্ছন্ন, পানীয়-জল এবং স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।				
২(গ)	আর্থিক সামর্থ অনুযায়ী প্রতিষ্ঠানটিতে শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী অনুপাতে বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে এবং আসবাবপত্রের বন্টন রেজিস্ট্রার খুলে তার হিসাব সংরক্ষণ করতে হবে।				
৩(ক)	শ্রেণিকক্ষে উপস্থিত শতভাগ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/০৪/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।				
৩(খ)	প্রতিষ্ঠানে ঝরে পড়া শিক্ষার্থীদের হার কমিয়ে আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/০৪/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।				
৩(গ)	একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিসহ সকল সদস্যকে অনুরোধ করা হলো: ১. পাঠদানে শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে; ২. শিক্ষার্থীদের বাড়ির কাজ দিয়ে তা যথাসময়ে আদায় করতে হবে; ৩. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে; ৪. শ্রেণির অপেক্ষাকৃত দুর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে; ৫. প্রতিটি শ্রেণিতে মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে; ৬. Participatory Method চালু করতে হবে; ৭. বার্ষিক অভিভাবক সভা করে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং উপস্থিতি সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করতে হবে; ৮. প্রতিষ্ঠানের লেখা-পড়ার মান উন্নত করার লক্ষ্যে ও শিক্ষকসম্পর্কিত কর্তৃক যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে; ৯. ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং ১০. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে।				
৩(ঘ)	১. অভ্যন্তরীণ পরীক্ষা : অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/০৪/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। ২. পাবলিক পরীক্ষার ফলাফল: পাবলিক পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা রাখতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/০৪/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। ৩. জেডিসি পরীক্ষা: জেডিসি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ৪. বৃত্তি পরীক্ষা : জুনিয়র বৃত্তি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।				

BSR-এর ক্র: নং	ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা	মন্তব্য
৩(ঙ)	পাঠাগার, সহপাঠ কার্যক্রম, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও পরীক্ষা সংক্রান্ত তথ্য: পাঠাগার: পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো: পাঠাগার, পুস্তক পাঠাভ্যাস সংক্রান্ত তথ্য ও মন্তব্য: ক. পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা; খ. শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা; গ. পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষণ করা; ঘ. পাঠাগারে পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা; ঙ. পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরি করা।	
৩(ছ)	সহপাঠ কার্যক্রম: পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়া ম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে।	
৪(ক)	আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: আয়ব্যয়ের ক্ষেত্রে নিম্নের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো: ১. সকল আয়-ব্যয় ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করা; ২. খরচের ভাউচারে কমিটির অনুমোদন সাপেক্ষে গার্ড ফাইলে সংরক্ষণ করা; ৩. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা; ৪. প্রতিটি লেনদেন কলামনার ক্যাশবহিতে যথানিয়মে রক্ষণাবেক্ষণ করা; ৫. খরচের ভাউচারে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুস্বাক্ষর করা; ৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ নির্দেশিকা মোতাবেক আয়-ব্যয় নির্বাহ করা; ৭. প্রযোজ্য ক্ষেত্রে আয়-কর ও ভ্যাট প্রদান করতে হবে; ৮. ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করা; ৯. প্রযোজ্য ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডার আহবান করা এবং ১০. প্রতি তিন মাস অন্তর অন্তর তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন অনুমোদনপূর্বক সংরক্ষণ করতে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষককে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।	
৪(খ)১	সংরক্ষিত তহবিল সংক্রান্তঃ সংরক্ষিত তহবিলে কাম্য পরিমান টাকা জমা আছে। ভবিষ্যতেও কাম্য পরিমান টাকা জমা রাখতে হবে।	
৪(খ)২	সাধারণ তহবিল: সাধারণ তহবিলে কাম্য পরিমান টাকা জমা আছে। ভবিষ্যতেও কাম্য পরিমান টাকা জমা রাখতে হবে।	
৪(খ)৩	ভবিষ্যত তহবিল: অবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্য তহবিল চালু করে এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/০৪/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।	

০২. এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা অনুসরণ ও বাস্তবায়নসহ প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। সেসাথে উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নে অধ্যক্ষকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে এবং অন্যান্য সদস্যগণকেও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০১৬.২৪
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম এবং ১০ম তলা),
নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা। (পরিদর্শন প্রতিবেদনগুলো পর্যালোচনায় এটা স্পষ্ট হয়েছে যে, প্রতিবেদনগুলো Prototype অর্থাৎ গদবাধা পরিদর্শন হচ্ছে। মানসম্পন্ন পরিদর্শন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
- ৬। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, সদর, ভোলা।
- ৮। সভাপতি/ব্যবস্থাপনা কমিটি, দক্ষিণ দিঘনদী মাছুমা খানম মহিলা আলিম মাদ্রাসা, উপজেলা: সদর, জেলা: ভোলা।
(উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নে অধ্যক্ষকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে এবং অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ৯। অধ্যক্ষ, দক্ষিণ দিঘনদী মাছুমা খানম মহিলা আলিম মাদ্রাসা, উপজেলা: সদর, জেলা: ভোলা।
- ১০। অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১-১২। অফিস কপি/ মাস্টার কপি।